গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা
www.rajshahidiv.gov.bd

মাসিক বিভাগীয় রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী (ফেব্রুয়ারি ২০২৪)

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার, রাজশাহী
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:
সভার সময়	বেলা ২:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪, সেকশন-৩ এর ২.৪ অনুযায়ী বিভাগীয় রাজস্ব সম্মেলনের কার্যক্রম শুরু হয়। সভাপতি কর্তৃক ভূমি প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্য, ২০২৩-২০২৪ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর আদায়, ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে হোল্ডিং এন্ট্রিকরণ, রেন্ট সার্টিফিকেট মামলা, জেনারেল সার্টিফিকেট মামলা, অডিট আপত্তি নিষ্পত্তি, খাসজমি বন্দোবস্ত, সায়রাত মহাল ব্যবস্থাপনা, ২০২৩-২০২৪ অর্থ বছরের অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং অবৈধ দখল হতে খাস জমি, নদী শ্রেণির জমি, অর্পিত সম্পত্তির লিজমানি আদায়, ই-নামজারি মামলা, মিস মামলা, দেওয়ানি মামলা, আশ্রয়ণ-২ প্রকল্পে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনসহ মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনকে আরও সেবামুখী, স্বচ্ছ ও গতিশীল করার বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়।

২. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন

সভায় জানুয়ারি ২০২৪ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সম্মেলনের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিম্নরূপ:

ক্রম	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন হার
১।	২৫/০১/২০২৪ খ্রি:	৪৩ টি	৩৯ টি	৯০.৬৯%

অবশিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে এবং জেলা প্রশাসকগণ সচেষ্ট আছেন মর্মে সভায় অবহিত করা হয়।

৪. অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	**সংস্থাপন: মঞ্জুরিকৃত, কর্মরত ও শূন্য পদের কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্য:** □ বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর রাজস্ব প্রশাসনে ৩ ক্যাটেগরির মঞ্জুরিকৃত মোট ৩ টি পদের মধ্যে ২ টি পদ শূন্য রয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১ (ক)]** □ জেলা প্রশাসকের কার্যালয়ে রাজস্ব প্রশাসনে ২১ ক্যাটেগরির মঞ্জুরিকৃত মোট ৬৮৯ টি পদের মধ্যে ৩৪৬ টি পদ শূন্য রয়েছে যা মঞ্জুরিকৃত পদের ৫০.২১%। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১ (খ)]** উপজেলা/সার্কেল ভূমি অফিসে ১৫ ক্যাটেগরির মোট ১১৯০ টি মঞ্জুরিকৃত পদের মধ্যে ৫২৩ টি পদ শূন্য রয়েছে যা মঞ্জুরিকৃত পদের ৪৩.৯৪%। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১ (গ)]** □ পৌর/ইউনিয়ন/মহানগর ভূমি অফিসে ৫ ক্যাটেগরির মোট ২১৮৩ টি মঞ্জুরিকৃত পদের মধ্যে ৭১৭ টি পদ শূন্য রয়েছে যা মোট মঞ্জুরিকৃত পদের ৩২.৮৪%। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১ (ঘ)]**	জেলা পর্যায়ে রাজস্ব প্রশাসনে, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে শূন্য পদ পূরণের নিমিত্ত ছাড়পত্র প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

২।	**<u>ভূমি প্রশাসন (পরিদর্শন ও দর্শন এবং উপজেলা ও পৌর/ইউনিয়ন ভূমি নির্মাণ ও সংস্কার/মেরামত সংক্রান্ত):</u>** **(ক) পরিদর্শন ও দর্শন সংক্রান্ত:** □ জেলা প্রশাসকগণের পরিদর্শন ও দর্শন প্রমাপ অনুযায়ী অর্জনের শতকরা হার যথাক্রমে ১০০% ও ১০০%, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের পরিদর্শন ও দর্শন প্রমাপ অনুযায়ী অর্জনের শতকরা হার যথাক্রমে ১০০% ও ৮৫%। □ উপজেলা নির্বাহী অফিসারগণের পরিদর্শন প্রমাপ অনুযায়ী অর্জনের শতকরা হার ৯৩%। □ সহকারী কমিশনার (ভূমি)গণের পরিদর্শন ও দর্শন প্রমাপ অনুযায়ী অর্জনের শতকরা হার যথাক্রমে ৯২% ও ৭২% **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ২ (ক) ও ২ (খ)]**।	কেবল প্রমাপ পূরণের উদ্দেশ্যে এবং গতানুগতিক পদ্ধতিতে নয় বরং পরিদর্শনের সময় প্রতিটি বিষয়কে পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা-নিরীক্ষা করতে হবে এবং পরির্দশন প্রতিবেদনে তা উল্লেখ করতে হবে।	জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল)/উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল) রাজশাহী বিভাগ
	(খ) <u>উপজেলা ও ইউনিয়ন/পৌর ভূমি অফিস নির্মাণ এবং সংস্কার/ মেরামত সংক্রান্ত:</u> রাজশাহী বিভাগের ৮ টি জেলার মধ্যে ৭ টি জেলা হতে উপজেলা ও ইউনিয়ন/পৌর ভূমি অফিস সংস্কার/মেরামতের প্রস্তাব ভূমি মন্ত্রণালয়/ভূমি সংস্কার বোর্ড ঢাকায় প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক, নাটোর জানান, নাটোর জেলা হতে উপজেলা ও ইউনিয়ন/পৌর ভূমি অফিস সংস্কার/মেরামতের প্রস্তাব দ্রুত প্রেরণ করা হবে।	মেরামত/সংস্কারযেগ্য উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন/পৌর ভূমি অফিসের তালিকা প্রস্তুতপূর্বক দ্রুত ভূমি সংস্কার বোর্ড, ঢাকায় প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক নাটোর
৩।	**<u>২০২৩-২০২৪ অর্থবছরের ভূমি উন্নয়ন কর আদায় এবং ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে হোল্ডিং এন্ট্রি ও অনুমোদন:</u>** □ ২০২৩-২০২৪ অর্থবছরে সাধারণ খাতে মোট ৮৬,৯২,৭৫,৬০১ টাকা দাবির মধ্যে জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত ৫২,৬৮,৭৩,৬৯৫ টাকা **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ৩ (ক)]** □ সংস্থা খাতে মোট ৩৩,৪৫,২৮,২৪৫ টাকা দাবির মধ্যে জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত ২,৩৩,৩১,৭২২ টাকা আদায় হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ৩ (খ)]**	ভূমি উন্নয়ন কর প্রদানের লক্ষ্যে নাগরিক কর্নার হতে প্রাপ্ত আবেদনসমূহ দ্রুত অনুমোদন এবং অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের পদ্ধতি সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জুন ২০২৪ মাসের মধ্যে শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
৪।	**<u>সার্টিফিকেট মামলা নিষ্পত্তি (রেন্ট সার্টিফিকেট এবং জেনারেল সার্টিফিকেট):</u>** □ রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ৩০২ টি মামলার মধ্যে ৭৬ টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং ২২৬ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৪ (ক)]** □ জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ১৮,১৮৯ টি মামলার মধ্যে ২৪৬ টি মামলা নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৪ (খ)]** □ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সার্টিফিকেট মামলা নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ১০,৭১৪ টি মামলার মধ্যে ৫০ টি মামলা নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক- ৪ (গ)]**	(১) বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং পেন্ডিং মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলার সংখ্যা যাতে বৃদ্ধি না পায় সে লক্ষ্যে প্রতিমাসে দায়েরকৃত মামলার চেয়ে নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	(১) জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ (২) জেলা প্রশাসক (সকল)/ নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, রাজশাহী/ সহকারী মহাব্যবস্থাপক, আইন বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী
৫।	**<u>অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত:</u>** অডিট আপত্তি নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ১৩২ টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ০ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৫]**	সামান্য অর্থের জন্য অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো চিহ্নিত করে অডিট সংশ্লিষ্ট অর্থ জমা প্রদান করে বক্ষমান জবাব এ কার্যালয়ে প্রেরণের জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

৬।	**<u>২০২৩-২০২৪ অর্থবছরে খাসজমি বন্দোবস্ত (কৃষি ও অকৃষি):</u>** খাস জমি বন্দোবস্ত প্রতিবেদন অনুযায়ী, এ বিভাগে ২০২৩-২০২৪ অর্থবছরে জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত ১৩৯৪ টি ভূমিহীন পরিবারকে ২৯.০২ একর কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে এবং রাজশাহী ও নাটোর জেলায় ৬৭ টি পরিবার/সংস্থার অনুকূলে ১.৩৭ একর অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৬]**	(১) গৃহহীন-ভূমিহীন পরিবারে অনুকূলে বন্দোবস্তকৃত কৃষি খাসজমি দ্রুততার সাথে কবুলিয়াত সম্পন্ন করতে হবে। (২) কোন গৃহহীন-ভূমিহীন পরিবার কবুলিয়াতের শর্ত ভঙ্গ করলে সাথে সাথে সেই পরিবারের বন্দোবস্ত বাতিলপূর্বক নতুন গৃহহীন-ভূমিহীন পরিবারকে বন্দোবস্ত প্রদান করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
৭।	**<u>সায়রাত মহাল ব্যবস্থাপনা:</u>** **৭ (ক) জলমহাল ব্যবস্থাপনা (২০ একরের উর্ধ্বে ও ২০ একর পর্যন্ত):** জলমহাল ইজারার ক্ষেত্রে ইজারা গ্রহীতা কর্তৃক সম্পূর্ণ ইজারা লব্ধ অর্থ পরিশোধের পর জলমহালের দখল হস্তান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	**৭ (ক) জলমহাল ব্যবস্থাপনা (২০ একরের উর্ধ্বে ও ২০ একর পর্যন্ত):** জলমহাল ইজারার ক্ষেত্রে ইজারা গ্রহীতা কর্তৃক সম্পূর্ণ ইজারা লব্ধ অর্থ পরিশোধের পর জলমহালের দখল হস্তান্তর করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
	৭ (খ) পাঙ্গিয়ার দিঘীকে কেন্দ্র করে ইকো ট্যুরিজম, পশুপাখির অভয়াশ্রম, ক্রীড়া পল্লী নির্মাণ ও ব্যবস্থাপনা: জেলা প্রশাসক, নাটোর জানান যে, ১। মৎস্য পরিচর্যা সংক্রান্ত কমিটি কর্তৃক ২৯/১১/২০২৩ তারিখে ২০০ কেজির বেশি পোনা অবমুক্ত করা হয়। ২। সরকারি দিঘীটির তফসিলসহ মৎস্য শিকার নিষেধ মর্মে সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। ৩। পশু-পাখির অভয়াশ্রম ও মিনি চিড়িয়াখানা নির্মাণের অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন। ৪। জনবহলের অর্গানোগ্রাম তৈরি ও জনবল সংক্রান্ত কমিটি প্রতিবেদন দাখিল করেছেন।	জেলা প্রশাসন ইকোপার্ক, নাটোর কর্তৃক উত্থাপিত বিষয়ে কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভার পূর্বে এ কার্যালয়কে অবহিত করতে হবে।	জেলা প্রশাসক নাটোর
	৭ (গ) বালুমহাল ব্যবস্থাপনা: জলমহাল ইজারার ক্ষেত্রে ইজারা গ্রহীতা কর্তৃক সম্পূর্ণ ইজারা লব্ধ অর্থ পরিশোধের পর জলমহালের দখল হস্তান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	**বালুমহাল ব্যবস্থাপনা:** বালুমহাল ইজারার ক্ষেত্রে ইজারা গ্রহীতা কর্তৃক সম্পূর্ণ ইজারা লব্ধ অর্থ পরিশোধের পর বালুমহালের দখল হস্তান্তর করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
	৭ (গ) হাটবাজার: ইজারা বহির্ভূত হাট ও বাজার হতে নিয়মিত খাস আদায় এবং হাট-বাজারের চান্দিনা ভিটির লাইসেন্স প্রদান ও নবায়ন অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	**হাটবাজার:** (১) ইজারা বহির্ভূত হাটবাজারের খাস আদায় অব্যাহত রাখতে হবে। (২) হাট-বাজারের চান্দিনা ভিটির লাইসেন্স প্রদান ও নবায়ন অব্যাহত রাখতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
৮।	**<u>অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং অবৈধ দখল হতে খাস জমি, রেকর্ডিয় নদী শ্রেণির জমি উদ্ধার সংক্রান্ত:</u>** অবৈধ স্থাপনা উচ্ছেদ সংক্রান্ত প্রতিবেদন অনুযায়ী, এ বিভাগে জানুয়ারি ২০২৪ মাসে মোট ৩০৫৬ টি অবৈধ স্থাপনার মধ্যে মোট ১১৭ টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৮ (ক)]** অবৈধ দখলদার হতে ভূমি সম্পত্তি ও রেকর্ডিয় নদী শ্রেণির জমি উদ্ধার প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ৯.২ একর খাসজমি উদ্ধার করা হয়েছে। জানুয়ারি ২০২৪ মাসে কোন রেকর্ডিয় নদী শ্রেণির জমি উদ্ধার হয়নি। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৮ (খ)]**	(১) অবৈধ স্থাপনা উচ্ছেদের ক্ষেত্রে বিশেষ করে শহর, গ্রোথ সেন্টার ও হাটবাজার অঞ্চলকে প্রাধান্য দিয়ে উচ্ছেদ কার্যক্রম জোরদার করতে হবে এবং অবৈধ স্থাপনা নির্মাণকালীন সময়েই তা আইনানুগভাবে উচ্ছেদ করতে হবে। (২) প্রতিটি জেলাতে অবৈধ দখলে থাকা বিপুল পরিমাণ খাসজমি অবৈধ দখলদার হতে উচ্ছেদ করে সরকারি তত্ত্বাবধানে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩) অবৈধ দখলীয় নদী শ্রেণির জমির সীমানা নির্ধারণপূর্বক দ্রুত উদ্ধারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

৯।	**অর্পিত সম্পত্তির লিজমানি আদায়, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর আওতায় দায়েরকৃত মামলা, বাতিলকৃত 'খ' তালিকার সম্পত্তির মিসকেস এবং অর্পিত পুকুর ব্যবস্থাপনা:** ২০২৩-২০২৪ অর্থবছরে জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত অর্পিত সম্পত্তির লিজমানি ৪,২৩,৩৩,৫০৩ টাকা আদায় হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৯ (ক)]** অর্পিত সম্পত্তি প্রত্যপর্ণ আইন, ২০০১ এর আওতায় দায়েরকৃত মামলার প্রতিবেদন অনুযায়ী জানুয়ারি ২০২৪ মাসে মোট ৩২টি মামলা নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৯ (খ)]** বাতিলকৃত 'খ' তালিকার সম্পত্তির খারিজ/মিসকেস প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ২৯৮৯ টি মামলার মধ্যে ২৬৩ টি মামলা নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-৯ (গ)]**	(১) অর্পিত সম্পত্তি হতে শতভাগ লিজমানি আদায়ে কার্যক্রম পদক্ষেপ গ্রহণ করতে হবে। (২) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর আওতায় যে সব মামলায় ট্রাইব্যুনাল থেকে সরকারের পক্ষে রায়/ডিক্রি হয়েছে সেসব ক্ষেত্রে আদেশের আলোকে সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তি সরকারি নিয়ন্ত্রণে নিতে হবে এবং যে সব ক্ষেত্রে সরকারের বিপক্ষে রায় হয়েছে সে সব ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে আপিল দায়ের করতে হবে। (৩) অর্পিত সম্পত্তি সংক্রান্ত দায়েরকৃত ট্রাইব্যুনাল/আপিল ট্রাইব্যুনালের মামলার বিষয়ে ভিপি কৌশুলিগণের সাথে নিয়মিত সভা করে এবং সাক্ষ্য ও রেকর্ডপত্র, নথি যথাযথভাবে ট্রাইব্যুনাল/আপিল ট্রাইব্যুনালে উপস্থাপন করে সরকারি স্বার্থ সংরক্ষণ করতে হবে। (৪) ভিপি পুকুর সুষ্ঠুভাবে মনিটরিং এর জন্য কো-শেয়ারার ব্যতীত অর্পিত পুকুরের তথ্য এবং কো-শেয়ারার সংশ্লিষ্ট অর্পিত পুকুরের তথ্য নির্ধারিত ছক অনুযায়ী প্রেরণ নিশ্চিত করতে হবে।	(১-৩) জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ (৪) জেলা প্রশাসক সিরাজগঞ্জ
১০।	**ই-নামজারি আবেদন নিষ্পত্তি, বিবিধ (মিস)মামলা নিষ্পত্তি এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক ভূমি ব্যবস্থা অটোমেশন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থের মাধ্যমে রেজিঃ-২ (হোল্ডিং), পুরাতন নামজারি এবং রেকর্ডরুমের খতিয়ানের ডাটা এন্ট্রি:** ই-নামজারি ড্যাশবোর্ড এর ১৮/০২/২০২৪ খ্রি: তারিখের তথ্য অনুযায়ী, উপজেলা ভূমি অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর আইডিতে বিভিন্ন পর্যায়ে মোট ৪১,৫০৪ টি আবেদনের মধ্যে ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পত্তিকৃত মোট আবেদন ৪১৫ টি যা মোট আবেদনের ১%। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১০ (ক)]** সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক দায়েরকৃত মিস (বিবিধ) মামলার প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ৯,৭৫১ টি মামলার মধ্যে মোট ১,৩২৪ টি মামলা নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১০ (খ)]** পুরাতন নামজারি খতিয়ান ও রেকর্ডরুমের এন্ট্রিকৃত খতিয়ানে মালিকের নাম, দাগ নম্বর, দাগের মধ্যে অত্র খতিয়ানের অংশ ভুলভাবে এন্ট্রি করা, খতিয়ান নম্বর প্রদান না করা বা ভুলভাবে এন্ট্রি করা, অনেক ক্ষেত্রে একই মৌজার একাধিক খতিয়ানে একই নম্বর ব্যবহার করা এবং এন্ট্রিকৃত খতিয়ানের ভুল স্ক্যান কপি আপলোড করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	(১) ই-নামজারি আবেদন ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন না থাকে সে লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। (২) ত্রুটিপূর্ণ নামজারির ফলে যাতে বিবিধ (মিস) রিভিউ মামলার সংখ্যা বৃদ্ধি না পায় সেজন্য নামজারিকালে সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে। (৩) পুরাতন নামজারি খতিয়ান ও রেকর্ডরুমের খতিয়ানের এন্ট্রিকৃত ডাটার সকল তথ্য নিখুঁতভাবে যাচাই করে সংশ্লিষ্ট সিস্টেমে আপলোড করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ/ উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ
১১।	**আপিল মামলা এবং দেওয়ানি মামলা সংক্রান্ত:** অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর আদালতে আপিল মামলা নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী জানুয়ারি ২০২৪ মাসে মোট ১৩০০ টি মামলার মধ্যে ১৪৯ টি মামলা নিষ্পত্তি হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ১১ (ক)]** দেওয়ানি মামলা নিষ্পত্তি অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে সরকার পক্ষে ৬৫ টি এবং সরকারে বিপক্ষে ৩৬ টি মামলা নিষ্পত্তি হয়েছে। প্রতিবেদন **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ১১ খ)]**	(১) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর আদালতে আপিল মামলাগুলো দীর্ঘদিন অনিষ্পন্ন না রেখে দ্রুত নিষ্পত্তি করতে হবে। (২) সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে প্রাপ্ত আপিল মামলা আদেশ প্রদানের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) এর আদেশের পুনরাবৃত্তি না করে যৌক্তিক কারণ উল্লেখ করে সিদ্ধান্ত প্রদান করতে হবে। (৩) সরকারি স্বার্থ বজায় রেখে দেওয়ানি মামলার এস.এফ দ্রুত প্রস্তুত এবং প্রেরণ নিশ্চিত করতে হবে। (৪) দেওয়ানি মামলার রায় সরকারের বিপক্ষে হলে; সেক্ষেত্রে সরকার পক্ষে মামলা পরিচালনায় কোন ত্রুটি বা গাফিলতি ছিল কি না তা খতিয়ে দেখতে হবে এবং দায়ী ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। (৫) নির্ধারিত সময়সীমার মধ্যে আপিল দায়ের করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

১২।	**<u>এল.এ কেস নিষ্পত্তি সংক্রান্ত:</u>** জানুয়ারি ২০২৪ মাসে স্থাবর সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন, ১৯৪৮ এবং স্থাবর অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২ এর আওতায় কোন এল.এ কেস নিষ্পত্তি হয়নি। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১২ (ক)]** জানুয়ারি ২০২৪ মাসে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর আওতায় কোন এল.এ কেস নিষ্পত্তি হয়নি। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১২ (খ)]**	(১) ভূমি মন্ত্রণালয়ের ১৭/১০/১৯৯৯ খ্রি. তারিখের ভূ:ম:/শা-৪/সভা-১/৯৯-৪০৮ নম্বর স্মারক পত্রের কার্যবিবরণীর আলোকে ১৯৪৮ সালের এলএ কেস সংক্রান্ত নির্দেশনাবলি অনুসরণ করে এবং প্রয়োজনে ক্রাশ প্রোগ্রাম করে অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। (২) ১৯৮২ সালের অর্ডিন্যান্স অনুযায়ী এলএ কেস নিষ্পত্তির ক্ষেত্রে যে সকল এলএ কেস প্রত্যাশী সংস্থার চাহিদার প্রেক্ষিতে অধিগ্রহণ করা হয়েছিল কিন্তু নিয়মিত যোগাযোগ ও অর্থ বরাদ্দ না থাকার কারণে সেগুলো বাতিল করার মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
১৩।	**<u>বিনিয়ম মামলা ও অবমূল্যায়ন মামলা নিষ্পত্তি এবং পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা:</u>** বিনিময় মামলা নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে বৃহত্তর রাজশাহী জেলার মোট ৩২৪ টি বিনিময় মামলা অনিষ্পন্ন রয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১৩ (ক)]** অবমূল্যায়ন মামলা নিষ্পত্তির প্রতিবেদন অনুযায়ী, জানুয়ারি ২০২৪ মাসে মোট ১৪৬২ টি অবমূল্যায়ন মামলা অনিষ্পন্ন রয়েছে। আলোচ্য মাসে কোন অবমূল্যায়ন মামলা নিষ্পত্তি হয়নি **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক-১৩ (খ)]** সভায় অবহিত করা হয় যে, ২০২৩-২০২৪ অর্থবছরে জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত পরিত্যক্ত সম্পত্তির লিজমানি ৭০,১২,৪৭ টাকা আদায় হয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ১৩(গ)]**	(১) ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০ অনুযায়ী বিনিময় সম্পত্তির নিয়মিতকণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও জেলা রেজিস্টারের সাথে সমন্বয়/ আলোচনা করে অবমূল্যায়ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। অবমূল্যায়ন মামলায় দায়ী ব্যক্তি বা ব্যক্তিগণ অর্থ পরিশোধে অস্বীকৃতি প্রকাশ করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণের সম্পত্তি খাসকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। (৩) ভূমি মন্ত্রণালয়ের আইন অধিশাখা-৪ এর ০৬/১০/২০১৫ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৩৬.১৪-৩৯২ নং স্মারক পত্রের আলোকে পরিত্যক্ত সম্পত্তি খাসকরণ/সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নামে দ্রুত নামজারি ও রেকর্ড সংশোধন করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
১৪।	**<u>আশ্রয়ণ-২ ও গুচ্ছগ্রাম-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত:</u>** **১৪ (ক) আশ্রয়ণ-২ প্রকল্প:** ১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য ৫ম পর্যায়ে নির্মিত ঘরসমূহে পুনর্বাসনের লক্ষ্যে চিহ্নিত ভূমিহীন-গৃহহীন (“ক”-শ্রেণি) পরিবারের অনুকূলে বাড়ীসহ জমি বন্দোবস্ত প্রদান, কবুলিয়ত সম্পাদন ও নামজারি খতিয়ান সৃজনসহ আনুষাঙ্গিক কার্যাদি সম্পন্নের বিষয়ে আলোচনা করা হয়। ২। সিরাজগঞ্জ জেলার চৌহালী ও বগুড়া জেলার শেরপুর উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে চিহ্নিত সকল ভূমিহীন-গৃহহীন (“ক”-শ্রেণি) পরিবারকে পুনর্বাসনের মাধ্যেমে রাজশাহী বিভাগকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণার বিষয়ে আলোচনা করা হয়। ৩। সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলায় ৪৪ টি ও বগুড়া জেলার শেরপুর উপজেলায় ২০ টি ভূমিহীন-গৃহহীন (“ক”-শ্রেণি) পরিবার পুনর্বাসনের লক্ষ্যে গৃহ নির্মাণের চাহিদা প্রেরণ ও বরাদ্দপ্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। ৪। আশ্রয়ণ প্রকল্পের আওতায় নির্মিত গুচ্ছগ্রাম, ব্যারাক যে গুলো জরাজীর্ণ হয়ে পড়েছে, সে সকল গৃহ প্রতিস্থাপন করে একক গৃহ নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। ৫। বরাদ্দ প্রাপ্ত গৃহে উপকারভোগী পরিবারের বসবাস নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। কোন উপকারভোগী নিজ নামে বরাদ্দকৃত গৃহে বসবাস না করলে কিংবা বসবাস করতে অনিচ্ছুক হলে বিধি মোতাবেক তার বরাদ্দ বাতিল করে নতুন কোন ভূমিহীন-গৃহহীন পরিবারকে পুনর্বাসন করতে হবে।	**আশ্রয়ণ-২ প্রকল্প** (১) ৫ম পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ কাজ শেষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে উদ্বোধনের জন্য প্রস্তুত রাখতে হবে। (২) ভূমিহীন-গৃহহীন “ক” শ্রেণির পরিবার পুনর্বাসনের লক্ষ্যে গৃহ নির্মাণের চাহিদা আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। (৩) জরাজীর্ণ ব্যারাক প্রতিস্থাপন করে একক গৃহ নির্মাণের চাহিদা আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। (৪) কোন উপকারভোগী নিজ নামে বরাদ্দকৃত গৃহে বসবাস না করলে কিংবা বসবাস করতে অনিচ্ছুক হলে বিধি মোতাবেক তার বরাদ্দ বাতিল করে নতুন কোন ভূমিহীন-গৃহহীন পরিবারকে পুনর্বাসন করতে হবে। (৫) সিরাজগঞ্জ জেলার চৌহালী ও বগুড়া জেলার শেরপুর উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক, বগুড়া, নাটোর ও সিরাজগঞ্জ

	১৪ (খ) গুচ্ছগ্রাম-২ প্রকল্প: ২০২০-২০২১ অর্থবছরে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের অধীন ইতঃপূর্বে পুনর্বাসিত (২০১৮-১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরে) পরিবারসমূহের মিউটেশনসহ কবুলিয়ত দলিল হস্তান্তর কাজ সম্পাদনের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে অর্থ বরাদ্দ এবং কবুলিয়ত দলিল হস্তান্তরের সমাপনী প্রতিবেদন প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	**গুচ্ছগ্রাম-২ প্রকল্প:** ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরে প্রতিষ্ঠিত গুচ্ছগ্রামসমূহের সুবিধাভোগীগণের অনুকূলে কবুলিয়ত দলিল সম্পাদনসহ নামজারি/জমাখারিজ এর প্রতিবেদন প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম-২ প্রকল্প বরাবর প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ/ আঞ্চলিক প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম (সিভিআরপি), রংপুর
১৫।	**ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত কার্যক্রম:** জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী জানান যে, রাজশাহী জেলার পবা উপজেলাধীন চরশ্রীরামপুর মৌজার এডি লাইনের নকশা পাওয়া যায়নি। জেলা প্রশাসক, রাজশাহীকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন।	রাজশাহী জেলার পবা উপজেলাধীন চরশ্রীরামপুর মৌজার এডি লাইনের নকশা দ্রুত প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	(১) জেলা প্রশাসক, রাজশাহী
১৬।	**বিবিধ:** হটলাইনে ভূমি সংক্রান্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সিস্টেমে ১৫/২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত ৩০ দিনের অধিক ১০৩৬ কল/অভিযোগ অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। **[পরিশিষ্ট-খ: অগ্রগতি ছক ১৬]**	হটলাইনে ভূমি সংক্রান্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনাতে প্রাপ্ত অনিষ্পন্ন অভিযোগসমূহ বিশেষ করে ৩০ দিনের অধিক কল/অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: পরিশিষ্ট-খ।

০৩-০৩-২০২৪
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার, রাজশাহী
০২৫৮৮৮৫৭২৩৩
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৩.০০৪.২৪.২৫৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন/ভূমি/কৃষি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;
৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
৬। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ;
৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী/পাবনা/বগুড়া, রাজশাহী বিভাগ;
৮। উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৯। আঞ্চলিক প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, আঞ্চলিক প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর;
১০। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, রাজশাহী;
১১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী;
১২। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
১৩। সিনিয়র সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব), মাঠ প্রশাসন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
১৫। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), রাজশাহী বিভাগ, দড়িখরবোনা-৪১১, পো: সেনানিবাস, উপশহর, রাজশাহী এবং

১৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৪-০৩-২০২৪
মোছাঃ নাজমুন নাহার
সিনিয়র সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)

সকল সংযুক্তিসমূহ:

(১) পরিশিষ্ট-ক

(২) পরিশিষ্ট-খ